ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১
www.iau.edu.bd



স্মারক নং- ইআবি/রেজি/ক্রয়/ডি.পে.সিস্টেম/২০২৬/৪১/১৯৯৩ তারিখ: ০১.১১.২০২৬ খ্রি.

অনলাইন পেমেন্ট গেটওয়ে সেবা প্রদানের প্রস্তাব আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সেবার ফি অনলাইনে গ্রহণের লক্ষ্যে নিরাপদ ও নির্ভরযোগ্য অনলাইন পেমেন্ট গেটওয়ে সেবা চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে যোগ্য ও অভিজ্ঞ সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের নিকট কারিগরি ও আর্থিক প্রস্তাব (Technical and Financial Proposal) আহ্বান করা যাচ্ছে।

আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রতিষ্ঠানের পরিচিতি, বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত (PSO/PSP) লাইসেন্স, হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন (TIN), ভ্যাট (VAT) রেজিস্ট্রেশন সার্টিফিকেট, কারিগরি সক্ষমতা, নিরাপত্তা ব্যবস্থা, API ইন্টিগ্রেশন ও পূর্ব অভিজ্ঞতাসহ কারিগরি প্রস্তাব এবং লেনদেনপ্রতি সার্ভিস চার্জ/MDR, সেটআপ ও রক্ষণাবেক্ষণ ব্যয়, প্রযোজ্য কর, অর্থ নিষ্পত্তির সময়সীমা ও অন্যান্য আর্থিক বিষয়াদি উল্লেখপূর্বক পৃথক পৃথক খামে কারিগরি ও আর্থিক প্রস্তাব দাখিল করতে হবে।

সেবার পরিধি:

১. সকল প্রকার দেশি ও বিদেশি ক্রেডিট এবং ডেবিট (Visa, Mastercard, Amex ইত্যাদি) সাপোর্ট করতে হবে;
২. মোবাইল ব্যাংকিং (MFS) যেমন: বিকাশ, রকেট, নগদ, উপায় ইত্যাদির মাধ্যমে পেমেন্ট গ্রহণের সুবিধা থাকতে হবে;
৩. ইন্টারনেট ব্যাংকিং (Net Banking) সুবিধা থাকতে হবে;
৪. প্রতিষ্ঠানের বিদ্যমান ওয়েবসাইট/অ্যান্ড্রয়েড/আইওএস অ্যাপের সাথে এপিআই (API Integration) সংযোগের সুবিধা থাকতে হবে;
৫. একটি শক্তিশালী এবং সুরক্ষিত মার্চেন্ট ড্যাশবোর্ড (Merchant Dashboard) প্রদান করতে হবে, যেখানে রিয়েল-টাইম ট্রানজেকশন ট্র্যাকিং এবং রিফান্ড ম্যানেজমেন্টের সুবিধা থাকবে;

প্রস্তাবের সঙ্গে প্রয়োজনীয় কাজগপত্র ও সেবা প্রদানের শর্তাবলি সংযুক্ত করে আগামী ১৯.১১.২০২৬ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে

০১.১১.২৬

(প্রফেসর ড. এ. কে. মুহা. নুরুল ইসলাম)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com